

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ২১

আষাঢ় ০৩, ১৪২৮
তারিখ : _____
জুন ১৭, ২০২১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস।

প্রিয় মহোদয়,

হাতে তৈরি পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/ খোল,
গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি) রঙানিতে নগদ সহায়তা।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ২৬, তারিখ ডিসেম্বর ১২, ২০০২; এফই সার্কুলার পত্র নং এফইপিডি(রঞ্জানি-১)২৯১/হাতে তৈরী পণ্য(নীতি)/২০০৪-৮৮৫, তারিখ ডিসেম্বর ২৩, ২০০৪; এফই সার্কুলার নং ০৬, তারিখ ফেব্রুয়ারি ০৮, ২০১৮; এফই সার্কুলার নং ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এবং এতদ্বিষয়ে প্রযোজ্য অন্যান্য এফই সার্কুলার/ সার্কুলারপত্রের
প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জানানো যাচ্ছে যে, হাতে তৈরি পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের
পাতা/খোল, গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি) রঙানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্ত্যাত্মক ক্ষেত্রে প্রচলিত জাতীয় শিল্প নীতি
অনুযায়ী উৎপাদন প্রক্রিয়ায় হাতের ব্যবহারের পাশাপাশি প্রযোজনে আধুনিক প্রযুক্তি ব্যবহার করা যাবে। তবে শর্ত থাকে যে -

- ক) উৎপাদন কার্যক্রমে আধুনিক প্রযুক্তি সম্বলিত যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে উপযুক্ত কায়িক শর্মের প্রত্যক্ষ
সম্পৃক্ততা থাকতে হবে।
- খ) উপরোক্ত (ক) অনুযায়ী যন্ত্রপাতি ও কায়িক শ্রম ব্যবহারের স্বপক্ষে পোষক কর্তৃপক্ষ (Sponsoring
Authority) এর নিবন্ধন থাকতে হবে।
- গ) সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকরণের ক্ষেত্রে আলোচ্য নির্দেশনা প্রযোজ্য হবে।

০৩। আলোচ্য রঞ্জানির বিপরীতে নগদ সহায়তার আবেদনপত্রের সাথে সকল ক্ষেত্রে এফই সার্কুলার নং ২০/২০০৯ এর
ফরম-'ক' অনুযায়ী (এফই সার্কুলার নং ১০/২০০৪ এর সাথে সংযুক্ত ফরমের 'গ' অনুচ্ছেদ মোতাবেক) বাণিজ্য মন্ত্রণালয়ে
অনুমোদিত সংশ্লিষ্ট খাতের প্রতিনিধিত্বকারী এসোসিয়েশনের প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে। এসোসিয়েশনের অবর্তমানে এফই
সার্কুলার নং ৩৫/২০১৯ এর ১৫ নম্বর অনুচ্ছেদ অনুসরণীয় হবে।

০৪। আলোচ্য রঞ্জানিতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে জারিকৃত অন্যান্য সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা
যথারীতি অপরিবর্তিত থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)
ফোন : ৯৫৩০১২৩